

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.২৭.২০২৩. ৪৫৬

তারিখ:

২১ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
০৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: আবু তৌহিদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কসবা ব্রাহ্মণবাড়িয়া, প্রান্তন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া কর্মকালীন ২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা এর বাঞ্ছারামপুর সরকারি কলেজ কেন্দ্রে ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব থাকাকালীন সংশোধিত রুটিনের পরিবর্তে পূর্বের রুটিন ১২ অক্টোবর ২০২২ তারিখ অনুযায়ী ব্যবস্থাপনা ৬ষ্ঠ পত্রের প্রশ্নপত্রের ৩ টি প্যাকেটের মধ্যে ১ টি প্যাকেট খোলার অভিযোগ এবং দায়িত্ব পালনে চরম অবহেলা ও সরকারি নির্দেশনা প্রতিপালনে চরম উদাসীনতার অভিযোগ প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;


যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন, ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করেন এবং গত ২৪/০৮/২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক পর্যালোচনায় তাকে “তিরস্কার” লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মো: আবু তৌহিদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কসবা ব্রাহ্মণবাড়িয়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ক) অনুযায়ী “তিরস্কার” সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(সোলেমান খান)

সচিব


নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.২৭.২০২৩. ৪৫৬/১(৬)

তারিখ:

২১ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
০৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মো: আবু তৌহিদ এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। সিনিয়র সহকারী সচিব (সরকারি মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....।
- ৬। জনাব মো: আবু তৌহিদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কসবা ব্রাহ্মণবাড়িয়া।

  
০৫/২/২০২৩  
(মো: শাহীনুর ইসলাম)  
উপসচিব